

রূপালী ব্যাংক লিমিটেড  
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/  
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা  
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের  
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/০৩  
তারিখ : ১০-০২-২০১১

বিষয় :- গ্রাহক সেবা এবং আমানত সংগ্রহ কর্মসূচী (১৫-০২-২০১১ হতে ১৪-০৫-২০১১  
পর্যন্ত) পালন প্রসঙ্গে।

ব্যাংকের অবস্থান সুদৃঢ় করণে আমানতের কোন বিকল্প নেই। তুলনামূলকভাবে অন্যান্য রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও বেসরকারী ব্যাংকের আমানত ও ব্যবসায়িক দিক পর্যালোচনায় আমরা অনেক পিছিয়ে রয়েছি। আমাদের প্রাণপ্রিয় গৌরবউজ্জ্বল ব্যাংকটিকে সম্মানজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে প্রয়োজন সকলের অংশগ্রহণ ও প্রচেষ্টা। আমরা জানি আমানত হলো ব্যাংকের Life Blood। আমানত বৃদ্ধির পূর্বশর্ত হলো গ্রাহকের সাথে ভালো ব্যবহার এবং গ্রাহক সেবার মান উন্নতিকরণ। গ্রাহক সেবার মান উন্নতি করে আমানত সংগ্রহ করা হলে ব্যাংকের Stable Deposit Base গড়ে উঠে। Stable Deposit Base পর্যাপ্ত হলেই ব্যবসা বাণিজ্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিনিয়োগ করে ব্যাংকের আয় বৃদ্ধির পাশাপাশি দেশের আর্থ সামাজিক উন্নতিতে সহায়ক ভূমিকা রাখা সম্ভব।

পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে ইতোমধ্যে অঞ্চল ও কর্পোরেট শাখা ভিত্তিক ২০১১ সনের আমানত ও ব্যবসায়িক লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং সে সাথে পদবী অনুযায়ী সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে অত্র বিভাগের ১৯-০১-২০১১ তারিখের প্রকা/উপগ/০২ নং ইস্তহারের মাধ্যমে ব্যক্তিগত আমানতের লক্ষ্যমাত্রা/টার্গেট দেয়া হয়েছে। প্রদত্ত লক্ষ্যমাত্রা যাতে ১০০% অর্জিত হয় সেজন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যাংকের সেবার মান বৃদ্ধি এবং আমানত সংগ্রহের বিশেষ সময়কাল ১৫-০২-২০১১ হতে ১৪-০৫-২০১১ পর্যন্ত উদযাপনের নির্দেশ প্রদান করেছেন।

এ লক্ষ্যে যা করণীয় তা নিম্নে সন্নিবেশিত করা হলো :-

১। শাখার অভ্যন্তরে একটি নির্দিষ্ট দর্শনীয় স্থানে এবং শাখার বাইরে উপযুক্ত পরিমাপের আরো একটি ব্যানার লাগাতে হবে। ব্যানার সাদা কাপড়ের উপর মেরুন রংয়ের অক্ষরে লেখা থাকবে।

২। ব্যানারে যা লেখা থাকবে :-

রূপালী ব্যাংক লিমিটেড  
গ্রাহক সেবা ও আমানত সংগ্রহ কর্মসূচী  
(১৫ ফেব্রুয়ারী হতে ১৪ মে-২০১১ পর্যন্ত)  
“প্রতিদিন সঞ্চয় করুন-সমৃদ্ধ জীবন গড়ুন”

৩। শাখার সাইনবোর্ড ভিতরের ও আশ-পাশের পরিসর এবং শাখার আসবাবপত্র সার্বক্ষণিকভাবে পরিষ্কার/পরিচ্ছন্ন রাখতে হবে।

৪। শাখার সকল কর্মকর্তা এবং কর্মচারীদের পরিষ্কার এবং রুচি সম্মত কাপড় পরিধান করে শাখায় আসতে হবে।

৫। অফিস সহকারী এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মচারীদের জন্য নির্ধারিত পোশাক পরিধান করে শাখায় আসতে হবে।

৬। শাখার Command Area survey করে নতুন নতুন সম্ভাব্য আমানতকারীর সংগে যোগাযোগ করে আমানত এবং অন্যান্য ব্যবসা সংগ্রহের প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

৭। আমানত সংগ্রহের ক্ষেত্রে No Cost এবং Low Cost Deposit এর উপর গুরুত্ব আরোপ করতে হবে। Low Cost আমানত Matching করে Stable Deposit Base গড়ে তুলতে হবে।

৮। আমানত সংগ্রহের পাশাপাশি শাখা/অঞ্চলে কর্মরত সর্বস্তরের স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদেরকে সম্পৃক্ত করতে হবে। প্রতিটি শাখাকে আমানত সংগ্রহের বিশেষ সময়কালে নিম্নবর্ণিত হারে নতুন হিসাব খুলতে হবে :-

ক্রমিক নং	শাখার গ্রেড/অবস্থান	হিসাব সংখ্যা
১।	স্থানীয় কার্যালয়	৩০০০
২।	কর্পোরেট শাখা (পুরাতন)	১৫০০
৩।	কর্পোরেট শাখা (নতুন)	১২০০
৪।	কর্পোরেট শাখা-২	১০০০
৫।	বিভাগীয় শহরে অবস্থিত শাখা	৮০০
৬।	জেলা সদরে অবস্থিত শাখা	৬০০
৭।	উপজেলা সদরে অবস্থিত শাখা	৪০০
৮।	অন্যান্য স্থানে অবস্থিত শাখা	৩০০

শাখা প্রধান তার অধিনস্ত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে যোগ্যতা/পদবী অনুযায়ী নতুন হিসাব খোলার লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন।

(পাতা নং-২)

বিষয় :- গ্রাহক সেবা এবং আমানত সংগ্রহ কর্মসূচী(১৫-০২-২০১১ হতে ১৪-০৫-২০১১ পর্যন্ত) পালন প্রসংগে ।

=====

৯। বর্ণিত কর্মসূচীর মধ্যে যারা বাৎসরিক লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবেন তাদেরকে এবং যারা ১০(দশ) কোটি বা তদূর্ধ পরিমাণ আমানত সংগ্রহে সক্ষম হবেন তাদেরকে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে বিশেষ প্রণোদনা পুরস্কার প্রদান করা হবে । উল্লেখিত অংকের আমানত সংগ্রহকালে প্রণোদনা পুরস্কারের আংশিক অগ্রিম প্রদানের প্রয়োজন হলে তা প্রধান কার্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করে নিজ নিজ শাখা হতে অগ্রিম গ্রহণ করা যাবে ।

উল্লেখ্য, গ্রাহক সেবা ও আমানত সংগ্রহের নতুন উৎস খুঁজে বের করার পাশাপাশি আমানতের টাকা শুধুমাত্র প্রধান কার্যালয়ের হিসাবে বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জনের উপর নির্ভর না করে স্থানীয় ভাবে নতুন ভাল/ উদ্যোক্তা বের করে তাদেরকে বিনিয়োগের মাধ্যমে শাখার মুনাফা অর্জনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।

আমরা আশা করি সকলের সম্মিলিত ও সক্রিয় প্রচেষ্টায় আমাদের প্রানপ্রিয় ব্যাংকটিকে চলতি বছরেই একটি সম্মানজনক পর্যায়ে উন্নীত করতে সক্ষম হবো ।

১৫-০২-২০১১ হতে ১৪-০৫-২০১১ পর্যন্ত গ্রাহক সেবা এবং আমানত সংগ্রহ কর্মসূচী পালনের জন্য সংশ্লিষ্ট সকল কার্যালয়/শাখাকে পরামর্শ দেয়া হলো ।

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)  
মহাব্যবস্থাপক (উন্নয়ন)

